



তথ্যবিবরণী

নম্বর:৩৫

অনুষ্ঠিত হতে যাচ্ছে ময়মনসিংহ বিভাগীয় বইমেলা

ময়মনসিংহ (১৯ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.):

২২ সেপ্টেম্বর হতে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত ময়মনসিংহ বিভাগীয় বইমেলা-২০২৩ অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ বইমেলা আয়োজনের লক্ষ্যে মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া নিজ কার্যালয়ে প্রেস ব্রিফিং করেন।

মেলায় ১০টি সরকারি প্রতিষ্ঠান ও ৫১টি বেসরকারি প্রকাশকবৃন্দের প্রতিষ্ঠানসহ মোট ৬১টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। বইমেলায় কচিকাঁচার উৎসব, কুইজ প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতার ইভেন্ট এবং মুক্তিযোদ্ধাদের গল্প শোন অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়াও প্রতিদিন সন্ধ্যায় বিভিন্ন শিল্পগোষ্ঠীর পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

ব্রিফিংকালে বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া বলেন, বই মানুষকে স্থির করে এবং সৃজনশীল মানুষ তৈরি করে। বই পড়ার চেয়ে বড় বিনোদন আর কিছু হতে পারে না। তিনি নতুন প্রজন্মকে বই পড়ায় আগ্রহী করতে অভিভাবকদের বই পড়ায় পরামর্শ দেন। বাচ্চাদের ভিডিও গেমস আসক্তি এবং ভয়ংকর টিকটকের কুফল নিয়ে কথা বলেন। বিভাগীয় কমিশনার সাংবাদিকদের উদ্দেশ্যে আরও বলেন, আপনারা যেভাবে বিভাগীয় সাহিত্য মেলা অনুষ্ঠান প্রচার-প্রচারণা ও সহযোগিতা করেছেন ঠিক তেমনি বইমেলাকেও আপনাদের নিয়ে সুন্দর, সাবলীল ও সুশৃঙ্খল করতে চাই।

বই পড়াকে উৎসাহিত করতে আলোকিত মানুষ হওয়ার প্রত্যয়ে সংস্কৃতি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় এ মেলা অনুষ্ঠিত হচ্ছে। বিভাগীয় প্রশাসনের ব্যবস্থাপনায় টাউন হল প্রাঙ্গণ জাতীয় গ্রন্থকেন্দ্র এটি আয়োজন করছে। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি উপস্থিত থাকবেন।

প্রেস ব্রিফিংয়ে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

#

হদা/দেওয়ান/মনির/২০২৩/১৮:০০ ঘণ্টা